

মাদ্রাসা ৩৩ ও ৩৬৪ ফাইল
জাদুঘর করা হলো।
Jametur Nohat
২২.১০.২০২২

জাদুঘর মাদ্রাসা
আইডি নং-২৬০০৪
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.১৮.০০১.১৭.২০৭৩

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯

১১ অক্টোবর ২০২২

বিষয়: মাদ্রাসায় অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম হিসাব সহকারী নিয়োগের ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষক হিসেবে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/পার্সোনেল মনোনয়ন প্রসেঙ্গ।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০০.১৮.০০১.১৭.১৮৮৭ তারিখ: ১৯/০৯/২০২২

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী প্রাপ্যতার ভিত্তিতে মাদ্রাসায় অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার ল্যাব অপারেটর এবং অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে নিয়োগের নিমিত্তে ব্যবহারিক পরীক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকে নির্দেশনা জারী করা হয়েছে। উক্ত নির্দেশনায় “যুব উন্নয়ন অধিদপ্তরের যুব প্রশিক্ষণ কেন্দ্র, আইসিটি অধিদপ্তর/বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রধান/আঞ্চলিক /জেলা/উপজেলা কার্যালয়, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে কর্মরত সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার/ডাটা এন্ট্রি অপারেটরসহ কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা/পার্সোনেল কিংবা কোন মাদ্রাসার এমপিওভুক্ত ও কম্পিউটারে দক্ষ আইসিটি শিক্ষককে নিয়োজিত করতে হবে।” মর্মে উল্লেখ করা হয়েছে।

এমপিওভুক্ত মাদ্রাসায় অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর/কম্পিউটার ল্যাব অপারেটর/অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে নিয়োগের নিমিত্তে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য যদি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে পরীক্ষক মনোনয়ন পেতে ইচ্ছুক হন তাহলে নিয়োগ কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন চেয়ে দাখিলকৃত আবেদনের সাথে পৃথকভাবে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে ব্যবহারিক পরীক্ষার পরীক্ষক মনোনয়নের জন্য আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির পর মহাপরিচালক কর্তৃক ব্যবহারিক পরীক্ষায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে পরীক্ষক মনোনয়ন দেয়া হবে। মনোনীত কর্মকর্তা/পার্সোনেল নিয়োগ বোর্ডে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের আদেশ নিশ্চিত হয়ে সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক ব্যবহারিক পরীক্ষা গ্রহণপূর্বক ব্যবহারিক পরীক্ষার ফলাফল শীটে নাম, পদবী ও মোবাইল নম্বর সম্বলিত সীল ও স্বাক্ষর দিবেন এবং ব্যবহারিক পরীক্ষা সমাপনান্তে মহাপরিচালক মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করবেন। তবে সূত্রোক্ত স্মারকে বর্ণিত অন্যান্য দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষক মনোনয়ন পেতে ইচ্ছুক হলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের কার্যালয়ে আবেদন করে পরীক্ষক নিতে হবে। বর্ণিত দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান থেকে ব্যবহারিক পরীক্ষার পরীক্ষক নেয়া হলে তাঁকেও ব্যবহারিক পরীক্ষার ফলাফল শীটে নাম, পদবী ও মোবাইল নম্বর সম্বলিত সীল ও স্বাক্ষরসহ প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করতে হবে।

সংযুক্তি: ২ ফর্দ।

১১-১০-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অধ্যক্ষ/সুপার.....(সকল এমপিওভুক্ত মাদ্রাসা)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (মাদ্রাসা/প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) মহাপরিচালক, যুব উন্নয়ন/আইসিটি অধিদপ্তর, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক(সকল)(তঁার আওতাধীন মাদ্রাসায় বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)
- ৫) পরিচালক, নেকটার, বগুড়া
- ৬) সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)
- ৮) জেলা শিক্ষা অফিসার.....(সকল)
- ৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.....সকল (আওতাধীন মাদ্রাসায় নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ১০) সভাপতি..... সকল এমপিওভুক্ত মাদ্রাসা।
- ১১) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

(Signature)

১১-১০-২০২২

জান্নাতুন নাহার
সহকারী পরিচালক